

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

বিষয় : ডিসেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব শাহ্ নুসরাত জাহান উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
তারিখ	:	৩০ ডিসেম্বর ২০২১
সময়	:	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করে কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সভায় দৃঢ়করণ করা হয়। অতঃপর মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে অনুরোধ জানানো হয়।

উপজেলা শিক্ষা অফিসার বলেন তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সরকারি নির্দেশনা মোতাবেক রূপগঞ্জ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। ২০২২ সালের প্রাথমিক শাখার অধিকাংশ বিনামূল্যে বিতরণের বই চলে আসছে। কিছু বই আসা এখনো বাকি আছে। সকল প্রাথমিক বিদ্যালয়ে বই প্রেরণ করা হয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক যথাসময়ে শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ করা হবে। করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য প্রত্যেকটি বিদ্যালয়ে হ্যান্ডওয়াশ ব্লক, মাস্ক, স্প্রে, থার্মোমিটার ইত্যাদি ব্যবস্থা করা হয়েছে। সবসময় বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখার নির্দেশনা দেয়া হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকদেরকে টিকা নেয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং প্রায় শতভাগ শিক্ষক-শিক্ষিকা ইতোমধ্যে ভ্যাকসিন নিয়েছেন। যে সকল বিদ্যালয়ের নির্মাণ কাজ চলমান রয়েছে, সে গুলো মনিটরিং করা হচ্ছে। রূপগঞ্জ উপজেলাবীন প্রাথমিক বিদ্যালয়গুলোর নিরাপত্তার বিষয়ে প্রধান শিক্ষক এবং স্ব স্ব বিদ্যালয়ের দপ্তরীদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা করা হয়েছে। সন্তানকে সুনামগরিক হিসেবে গড়ে তুলতে পারিবারিক শিক্ষার কোন বিকল্প নাই। সকল প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু কন্যার করা হয়েছে। বিদ্যালয়গুলোতে কোন প্রকার আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটেনি। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, সরকারি নির্দেশনা ও নীতিমালা মোতাবেক রূপগঞ্জ উপজেলা পর্যায়ে এসএসসি/এসএসসি(ভোকেশনাল) ও দাখিল পরীক্ষা ২০২১ সুষ্ঠু ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে সম্পন্ন হয়েছে। প্রতিটি কেন্দ্র পরিদর্শন করা হচ্ছে। শিক্ষার্থীরা পরীক্ষা দিতে পেরে আনন্দিত। আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। এছাড়া আগামী ০২ ডিসেম্বর ২০২১ তারিখ হতে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষা শেষের দিকে। এইচএসসি ও সমমানের পরীক্ষাও সুষ্ঠু ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। প্রত্যেকটি কেন্দ্র নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তিনি আরো বলেন, ২০২২ সালের মাধ্যমিক পর্যায়ের বিনামূল্যে বিতরণের অধিকাংশ বই চলে আসছে; কিছু বই এখনো আসা বাকি আছে। মাধ্যমিক শাখার সকল বিদ্যালয়ে নতুন বই প্রেরণ করা হয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক যথাসময়ে শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ করা হবে। তিনি আরো বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সুদক্ষ নেতৃত্বে আমাদের বাংলাদেশে করোনা ভাইরাস পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক রূপগঞ্জ উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসার শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। স্বাস্থ্যবিধি মেনে ক্লাস পরিচালনা করা হচ্ছে। করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য প্রত্যেকটি বিদ্যালয়ে হ্যান্ডওয়াশ ব্লক, মাস্ক, স্প্রে, থার্মোমিটার ইত্যাদি ব্যবস্থা করা হয়েছে। বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে সরকারি নির্দেশনা মোতাবেক শিক্ষকদের কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। রূপগঞ্জ উপজেলার ৩২টি শিক্ষা প্রতিষ্ঠানে Adolescent Counseling Center এর স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ সততা স্টোর স্থাপনে নির্দেশনা প্রদান করা হয়েছে। দীর্ঘদিন পর শিক্ষা প্রতিষ্ঠান চালু হওয়ায় ইভটিজিং হওয়ার সম্ভবনা রয়েছে তাই আইন শৃঙ্খলা বাহিনীকে আরো তৎপর হতে হবে। ইভটিজিং অনেকাংশে বন্ধ হয়েছে বিধায় উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার(ভূমি), অফিসার ইনচার্জ কে ধন্যবাদ জানান।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। প্রতিটি ইউনিয়ন পর্যায়ে আমরা উঠান বৈঠকের মাধ্যমে বাল্যবিবাহের কুফল, নারী নির্যাতন, ইভটিজিং ইত্যাদি বিষয়ে সাধারণ মানুষের মাঝে সচেতনতা সৃষ্টি করে যাচ্ছি। আমাদের নিকট যেসকল অভিযোগ আসে তার বেশিরভাগই মাদক ও নারী নির্যাতন সংক্রান্ত। নারী নির্যাতনের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। রূপগঞ্জ উপজেলা প্রশাসন হতে সমাধানের জন্য বিভিন্ন অভিযোগ পেয়েছি। ইতোমধ্যে বেশ কয়েকটি অভিযোগ সমাধান করা হয়েছে। বাকি গুলো চলমান। অভিযোগগুলো তদন্তে দেখা যায়, প্রত্যেকটা অভিযোগের সাথে কোনো না কোনো ভাবে মাদক জড়িত। মাদককে নির্মূল করতে পারলে অভিযোগ অনেকটা কমে যাবে। নারী নির্যাতন রোধে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করা হয়। তিনি আরো জানান, মুজিব বর্ষ উপলক্ষে নারীর ক্ষমতায়ন সম্পর্কে সচেতনতা কার্যক্রম বৃদ্ধি করা হচ্ছে। তুলানামূলকভাবে আমাদের রূপগঞ্জে ইভটিজিং, বাল্য বিবাহ, নারী নির্যাতন অনেকাংশে কম।